দৈনিক বাংলা

তারিখ ৮/১২/৮০
পৃষ্ঠা

309

060

# প্রাথমিক শিক্ষার ওপর মডিউল লেখার কর্মশালা শুরু

সর্বজনীন প্রাথমিক শিক্ষা বিশ্বব্যাংক প্রকল্পাধীন প্রজেক্ট ইমপ্যাক্ট এর বিদ্যালয়গুলিতে শিক্ষোপকরণ হিসেবে ব্যবহারের জন্য মডিউল লেখার উদ্দেশ্যে নির্বাচিত মডিউল লেখক-লেখিকাদের মাসব্যাপী কর্মশালা গত ২০শে নবেম্বর, সকালে ঢাকায় ধানমন্ডিস্থ প্রকল্প সদর দফতরে শুরু হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইমপ্যাক্ট—এর আবাসিক উপদেষ্টা ডঃ ও বি ক্ল্যাভারিয়া, ইউনেস্কোর চীফ টেকনিক্যাল এডভাইজার মিঃ জে আর হানটিংটন, সার্বজনীন প্রাথমিক শিক্ষা (বিশ্বব্যাংক) প্রকল্পের ইভ্যালুয়েশন সেকশনের আবাসিক উপদেষ্টা মিঃ সি কে বসু।

প্রধান অতিথির ভাষণে জনাব হেদায়েতুল হক এই জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্পটির জন্য প্রয়োজনীয় মডিউল তৈরির ব্যাপারে মডিউল লেখকদের গুরুদায়িত্বের কথা স্মরণ করিয়ে দেন। তিনি মডিউল লেখার সময় বাংলাদেশের শতকরা ৯০টি প্রাথমিক বিদ্যালয়ের পারিপার্শ্বিকতা গভীরভাবে উপলব্ধি করার জন্য লেখক/লেখিকাদের উপদেশ দেন। জনাব আবদুর রাজ্জাক প্রকল্পটির সাফল্যের জন্য সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠার সঙ্গে কাজ করার আহ্বান জানান। খবর বিজ্ঞপ্তির।

আলোচনা সভা

গত ৩০শে নবেম্বর টাঙ্গাইল জেলার কালিহাতি থানার রৌহা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ইমপ্যাক্ট পদ্ধতির উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব এ কে এম হেদায়েতুল হক উক্ত সভায় প্রধান অতিথি ছিলেন। টাঙ্গাইলের জেলা প্রশাসক জনাব রেজাউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সার্বজনীন প্রাথমিক শিক্ষা (বিশ্বব্যাংক) প্রকল্পের পরিচালক জনাব মীর আবু সালেক, শিক্ষামন্ত্রণালয়ের উপ-সচিব জনাব দেলোয়ার হোসেন চৌধুরী, ইমপ্যাক্ট—এর আবাসিক উপদেষ্টা ডঃ অর্লেন্ডো বি ক্ল্যাভারিয়া, ইউনেস্কোর চীফ টেকনিক্যাল এডভাইজার মিঃ জে আর, হানটিংটন, সার্বজনীন প্রাথমিক শিক্ষা (বিশ্বব্যাংক) প্রকল্পের ইভ্যালুয়েশন বিভাগের উপদেষ্টা ডঃ সি কে বসু ও ডঃ বাওমার্স, প্রজেক্ট ইমপ্যাক্ট স্টাফ, মডিউল লেখক/লেখিকা, টাঙ্গাইল জেলার শিক্ষা বিভাগীয় কর্মকর্তা, এ ডি সি (লিটারেসী), থানা শিক্ষা অফিসার, স্থানীয় সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক, অভিভাবক, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্য, গ্রাম সরকার প্রধান ও গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

সভায় ইমপ্যাক্ট পদ্ধতির শিক্ষাব্যবস্থার উপর একটি লেখা পড়ে শোনান সার্বজনীন প্রাথমিক শিক্ষা (বিশ্বব্যাংক) প্রকল্পের ডেপুটি ডাইরেক্টর জনাব বাবর আলী সরকার। সভায় বক্তব্য রাখেন মাননীয় অতিরিক্ত সচিব জনাব এ কে এম হেদায়েতুল হক, প্রকল্প পরিচালক জনাব মীর আবু সালেক, ইমপ্যাক্ট-এর আবাসিক উপদেষ্টা ডঃ অর্লেন্ডো বি ক্ল্যাভারিয়া, এ ডি সি (লিটারেসী) এবং এবং স্থানীয় নেতৃবৃন্দ। খবর বিজ্ঞপ্তি।